উপজেলা পরিষদ কার্যালয়
সরিষাবাড়ী, জামালপুর।
www.sarishabari.jamalpur.gov.bd

**উপজেলা পরিষদ সরিষাবাড়ী, জামালপুর এর মে /২০২৪ খ্রি: মাসের উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণীঃ-**

সভাপতি ঃ বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ গিয়াস উদ্দিন পাঠান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী।
স্থান ঃ উপজেলা পরিষদ হলরুম।
তারিখ ঃ ২১ -০৫- ২০২৪ খ্রি:
সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা।

উপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক'।

শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে উপজেলা পরিষদের সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি উপজেলা নির্বাহী অফিসারকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করার জন্য অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সবাইকে শুভেচ্ছা জানিয়ে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনালে বিনা সংশোধনীতে অনুমোদিত হয়। অতঃপর নিম্নলিখিত বিষয় নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা কৃষি বিভাগ। | ক. উপজেলা কৃষি অফিসার সভায় বলেন, ২০২৩-২০২৪ অর্থবছরে রবি মৌসুমে ১৮৬৯০ হেক্টর মজমিতে আবাদকৃত বোরো ধান কর্তন চলমান রয়েছে। খরিপ-১ মৌসুমের আউশ এবং পাট আবাদ কার্যক্রম চলমান রয়েছে। উপজেলার বিভিন্ন স্থানে কৃষি বিভাগের পরিত্যক্ত সীড সেন্টার/ এসএও কোয়ার্টার এর নির্ধারিত স্থানে সীমানা প্রাচীর ও সংস্কারের জন্য উপজেলার পরিষদের সহযোগিতা প্রয়োজন। বিভাগীয় অন্যান্য কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। | ক. মাঠে সার্বক্ষণিক কৃষকদের সাথে যোগাযোগ রাখতে হবে। সীমান প্রচীর এর কাজ উপজেলা নির্বাহী অফিসার সহকারী কমিশনার ভূমি এর সহযোগিতা নিয়ে কাজ করার পরামর্শ প্রদান করেন। | উপজেলা কৃষি অফিসার, সরিষাবাড়ী। |
| ০২ | উপজেলা স্বাস্থ্য বিভাগ। | ক. উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা বলেন, স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাভাবিক কার্যক্রম অব্যহত আছে। স্বাস্থ্য অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক কোভিড ১৯ এর ৫ম ডোজ টিকা এবং নির্ধারিত জনগোষ্ঠির মধ্যে ১ম,২য়,৩য়,৪র্থ ডোজ টিকা প্রদান শুরু হয়েছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের বহিঃ বিভাগের ১৬ নং কক্ষে টিকা দানের ব্যবস্থা করা হয়েছে।<br>জন প্রশাসন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন অনুযায়ী ৫০ শয্যাবিশিষ্ট হাসপাতালের জন্য শ্যান্ডার্ড সেটআপ মোতাবেক জন বলের চাহিদা পত্র সরিষাবাড়ী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পক্ষ হতে জন প্রশাসন মন্ত্রনালয়ে পাঠানো হয়েছে। | ক. দেশব্যাপী করোনা সংক্রমন বৃদ্ধির প্রেক্ষিতে কোভিড-১৯ টিকাদান কার্যক্রম প্রারম্ভিক (১ম ডোজ) এবং পরবর্তী ডোজ (২য়,৩য়,৪র্থ বা পরর্বতী ডোজ ) প্রদানের সিদ্ধান্ত গ্রহন করা হয়েছে। | ক.উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সরিষাবাড়ী। |
| ০৩ | উপজেলা প্রাণি সম্পদ বিভাগ। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় বলেন, গবাদি প্রাণি টিকা প্রদান- ৬,৫৪০ মাত্রা, হাঁস-মুরগী- ৭৬,৩০০ মাত্রা। চিকিৎসা গবাদিপ্রাণি ২,৫২০ টি, হাঁস-মুরগী- ২৬,৭২০ টি। প্রশিক্ষণ- ০ জন, কৃত্রিম প্রজনন- ৪২০ টি বাচ্চা উৎপাদন ২৫৫ টি, রাজস্ব আদায়- টিকা ২৬,১৪০/- কৃত্রিম প্রজনন- ৩১,৫০০/- বিবিধ রাজস্ব প্রাপ্তি খামার রেজিস্ট্রেশন- ০০/- ফি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প ১টি। | ক. গবাদি পশু ও হাঁস মুরগীর মড়ক প্রতিরোধে সব ধরণের আগাম প্রস্তুতি নিতে হবে। | ক. উপজেলা প্রাণি সম্পদ অফিসার, সরিষাবাড়ী। |

| ক্র: নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০৪. | সিনিয়র উপজেলা মৎস্য বিভাগ। | ক. ০১ নভেম্বর হতে ৩০ জুন পর্যন্ত জাটকা মৌসুম। এ সময়ে জাটকা আহরণ, ক্রয়-বিক্রয়, মজুদ ও বিনিময় দন্ডনীয় অপরাধ। ১০ ইঞ্চি (২৫ সেন্টিমিটার) দৈর্ঘ্যের চেয়ে ছোট ইলিশ জাটকা নামে পরিচিত। জাটকা মৌসুমের কারনে বিভিন্ন হাট -বাজার পরিদর্শন এবং লিফলেট বিতরণ। পিংনা ইউনিয়নের যমুনা নদীতে ০১ টি মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। ৩০টি চায়না দোয়ারী জাল জব্দ করে আগুনে পুড়িয়ে বিনষ্ট করা হয়। অত্র উপজেলার ০৩ জন মৎস্য চাষির পুকুরের পানি পরীক্ষা করা হয়। অত্র উপজেলার পৌরসভা/বিভিন্ন ইউনিয়ন হতে অত্র দপ্তরে অফিসে আগত ও সরাসরি পুকুর পরিদর্শন পূবর্ক ৩০ জন মৎস্য চাষিদের মাছ চাষ বিষয়ে পরামর্শ প্রদান। দপ্তরের অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ক. জাটকা মৌসুমের কারনে বিভিন্ন হাট বাজার পরিদর্শন এবং লিফলেট বিতরণ করা হয়েছে। জাটকা সংরক্ষণ সপ্তাহ উপলক্ষে পিংনা ইউনিয়নের যমুনা নদীতে ০১ টি মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। মৎস্য চাষিদের উন্নয়নে মাঠ পর্যায়ে কার্যক্রম আরও বাড়াতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, সরিষাবাড়ী। |
| ০৫ | উপজেলা প্রকৌশলী বিভাগ। | ক. উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, রাজস্ব ২০২৩-২৪ খ্রি: এর টেন্ডারকৃত ০৮ টি প্যাকেজের কাজ চলমান আছে, যাহার বর্তমান কাজের অগ্রগতি ৬০%।<br>- জামালপুর প্রকল্পের নতুন ৪ টি রাস্তার লেআউট প্রদান করা হয়েছে, যার কাজ চলমান আছে।<br>- PEDP-4 প্রকল্পের আওতায় ৩টি স্কুলের বাইন্ডারী ওয়াল এর অনুমোদন পাওয়া গেছে এবং ইতিমধ্যে টেন্ডার করা হয়েছে।<br>- ২০২৩-২৪ অর্থবছরের ইতিমধ্যে ৬টি স্কুলের কাজ ১০০ % সম্পন্ন হয়েছে, যা ময়মনসিংহ থেকে প্রত্যয়ন নিয়ে স্কুল হস্তান্তর করা হয়েছে।<br>খ. স্থানীয় সরকার বিভাগ ও জাইকা'র আর্থিক সহায়তায় সরিষাবাড়ী উপজেলায় বাস্তবায়নাধীন উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় অবকাঠামো উন্নয়ন প্রকল্প (৬ষ্ঠ পর্যায়) এর নিমোক্ত উপ-প্রকল্প গুলোর সরবরাহকরণ কাজ সম্পন্ন ভাবে হওয়ায় সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠান সমূহকে তাহাদের দাখিলকৃত সমূদয় বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। প্রকল্প গুলো হলোঃ<br>১। "আওনা ইউনিয়নের জগন্নাথগঞ্জ ঘাট বাজারের পানি নিষ্কাশনের জন্য আরসিসি ড্রেন নির্মাণ" প্রকল্পটির নির্মাণ কাজ সুন্দর ভাবে সম্পন্ন হওয়ায় দায়িত্বপ্রাপ্ত ঠিকাদারী প্রতিষ্ঠান মের্সাস শওকত ট্রেডার্স কে ভ্যাট ও আয়করসহ দাখিলকৃত বিলের পরিমাণ-১৫,৫৮,৬৬৬ (পনের লক্ষ আটান্ন হাজার ছয়শত ছেষট্টি) টাকা। এখানে ভ্যাট বাবদ-১,১৬,৯০০ এবং আয়কর বাবদ- ৪৬,৭৬০ টাকা।<br>২। "সরিষাবাড়ী উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র/ছাত্রীদের ব্যবহারের জন্য বেঞ্চ সরবরাহকরণ" প্রকল্পটির সরবরাহকরণ কাজটি সুন্দর ভাবে সম্পন্ন হওয়ায় দায়িত্বপ্রাপ্ত ঠিকাদারী প্রতিষ্ঠান মের্সাস তালুকদার প্লাস্টিক কোম্পানী লিমিটেড কে ভ্যাট ও আয়করসহ দাখিলকৃত বিলের পরিমাণ-১৩,০০,৩১৬ (তের লক্ষ তিনশত ষোল) টাকা। এখানে ভ্যাট বাবদ-১,৯৫,০৪৭ এবং আয়কর বাবদ- ৩৯,০০৯ টাকা।<br>৩। "সরিষাবাড়ী উপজেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে সোলার প্যানেলের স্ট্রিট লাইট স্থাপন" প্রকল্পটির সরবরাহকরণ কাজটি সুন্দর ভাবে সম্পন্ন হওয়ায় দায়িত্বপ্রাপ্ত ঠিকাদারী প্রতিষ্ঠান মাইন্ড | ক. উপজেলা প্রকৌশলীকে সকল প্রকল্পের কাজ সঠিক তদারকির মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত হয়।<br>খ. সভায় বিস্তারিত আলোচনা ও মতামতের ভিত্তিতে ঠিকাদারী প্রতিষ্ঠান সমূহকে মের্সাস শওকত ট্রেডার্স, মেসার্স তালুকদার প্লাস্টিক কোম্পানী লিমিটেড এবং মাইন্ড টাচ লিমিটেড কে তাহাদের সমূদয় বিল অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়। | ক. উপজেলা প্রকৌশলী এলজিইডি, সরিষাবাড়ী। |

| ক্র: নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | টাচ লিমিটেড কে ভ্যাট ও আয়করসহ দাখিলকৃত বিলের পরিমাণ-১৮,১৪,৯২২ (আঠার লক্ষ চৌদ্দ হাজার নয়শত বাইশ) টাকা । এখানে ভ্যাট বাবদ-১,৩৬,১১৯ এবং আয়কর বাবদ-৫৪,৪৪৭ টাকা। | | |
| ০৬ | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ । | ক. উপজেলার সকল সরকারি প্রাথমিক বিদ্যালয় পবিত্র ঈদ-উল-ফিতর ও তীব্র তাপদাহের কারণে বন্ধ থাকার পর বিগত ০৫/০৫/২০২৪খ্রিঃ তারিখ খোলা হয়। ২০/৫/২০২৪খ্রিঃ তারিখ হতে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রথম প্রান্তিক মূল্যায়ন শুরু হয়। অত্র উপজেলার বরাদ্দপ্রাপ্ত ২৭টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ক্ষুদ্র মেরামত কাজ চলমান রয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কাজ চলমান আছে। | ক. উপজেলার সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ক্ষুদ্র মেরামত কাজ, সঠিক তদারকির মাধ্যমে বাস্তবায়ন করতে হবে । | ক. উপজেলা শিক্ষা অফিসার, সরিষাবাড়ী । |
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ। | ক.উপজেলা মাধ্যমিক শিক্ষ অফিসার সভায় বলেন যে, । ২০২৪ সালের এসএস সি ও সমমনা পরীক্ষার ফলাফল বিগত ১২/০৫/২০২৪ খ্রি. তারিখে প্রকাশিত হয় । উপজেলায় সর্বমোট ৫,১৫১ জন এস.এস. সি ও সমমনা পরীক্ষায় অংশগ্রহণ করে । মোট ৪,৬২৬ জন এস.এস.সি ও সমমনা পরীক্ষায় পাশ করেছে ও ৬০৭ জন জিপিও ৫ পেয়েছে । বর্তমানে শিক্ষা প্রতিষ্ঠান সমূহ খোলা আছে এবং যথারীতি পাঠদান কার্যক্রম চলছে ।এস.এস.সি পরীক্ষার্থী= ৪১৬৮ জন, পাশের সংখ্যা= ৩৭৯৬ জন, জিপিএ ৫= ৫১৬জন, শতকরা পাশের হার= ৯১.০৯% । দাখিল পরীক্ষার্থী= ৪৯৩ জন, পাশের সংখ্যা = ৪৫০জন, জিপিএ ৫ = ৭২ জন, শতকরা পাশের হার ৯১.২৭% । ভোকেশনাল (এস.এস.সি) পরীক্ষার্থী ৪৯০জন, পাশের সংখ্যা = ৩৮০ জন, জিপিএ ৫ = ১৯ জন, শতকরা পাশের হার = ৭৭.৫৫% । সর্বমোট পরীক্ষার্থী ৫,১৫১জন, পাশের সংখ্যা = ৪৬২৬ জন, মোট জিপিএ ৫ = ৬০৭জন, শতকরা পাশের হার ৮৬.৬৩% । এছাড়া দপ্তরের অন্যান্য কাজ চলমান আছে। | ক. সর্বমোট পরীক্ষার্থী ৫,১৫১জন, পাশের সংখ্যা = ৪৬২৬ জন, মোট জিপিএ ৫ = ৬০৭জন, শতকরা পাশের হার ৮৬.৬৩% । | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সরিষাবাড়ী। |
| ০৮ | উপজেলা সমাজসেবা অফিস। | ক. উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে। ১০ জন ভিক্ষুককে পূনর্বাসনের লক্ষ্যে ৮ জনের মাঝে ০২ টি করে ছাগল প্রদান করা হয় । ০১ জনকে সেলাই মেশিন এবং অন্য একজনকে মনিহারী দ্রব্য প্রদান করা হয় । ৫০ জন অসহায় রোগীর মাঝে পক্ষাদি এবং ২২ জন অসহায় রোগীর ওষধ প্রদান করা হয় । সকল ভাতার ৪র্থ কিস্তির পেরোল প্রেরণ করা হয়েছে। উপজেলা সমবায় অফিসার সভায় জানান । | ক. এমপি মহোদয়, সকল প্রকার সাহায্য সহযোগিতা সঠিক ভাবে দুস্থদের মাঝে বিতরণ করার পরামর্শ দেন। | ক.উপজেলা সমাজসেবা অফিসার, সরিষাবাড়ী। |
| ০৯ | উপজেলা সমবায় অফিস। | ক. উপজেলা সমবায় অফিসার সভায় জানান, সমবায় সমিতি সমূহের অডিট সম্পাদন চলতি মাসে ২০, মোট সম্পাদন ১৭৫ সমবায় সমিতি সমূহের পরিদর্শন চলতি মাসে-০৫ টি, মোট সম্পাদন ৪৫<br>টি, রাজস্ব আদায়(ননটেক্স রেভিনিউ) চলতি মাসে ৪০০০ মোট সম্পাদন ৩২,৬৫০/- -,সমবায় উন্নয়ন তাহবিল আদায় ৮৭৫/- মোট সম্পাদন ৬৫৬২/-, সমবায় সমিতি সমূহের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান ৩০ টি, মোট সম্পাদন ৬৫ টি, সমবায় সমিতি সমূহের নির্বাচন অনুষ্ঠান চলতি মাসে- ০৪ টি, মোট সম্পাদন ৪৫ টি, আই জি এ প্রশিক্ষণ প্রদান চলতিমাসে ৪০ মোট সম্পাদন ১২০, সমবায় সমিতি নিবন্ধন প্রদান চলতি মাসে ০ টি মোট ২ টি. দুগ্ধ প্রকল্পের ঋণ আদায় ৭০,০০০/- মোট সম্পাদন ১৩,৩৫,০০০/- আশ্রয়ন প্রকল্পের ঋণ আদায় চলতি | ক. সমবায়ীদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষন প্রদান করে, সক্ষমতা অর্জনের জন্য গুরুত্ব প্রদান করা হয় । এবং মাঠে ঋণ আদায়ে তৎপরতা বৃদ্ধি করতে হবে। | উপজেলা সমবায় অফিসার, সরিষাবাড়ী । |

| ক্র: নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | মাসে- ৪০০/-, মোট সম্পাদন ১৬,৬২৫/-,সমবায়ীদের অবহিত করণ সভা চলতিমাসে ০টি মোট কর্ম সম্পাদন ১৪টি, স্ব-কর্মসংস্থান সৃষ্টি চলতি মাসে কর্ম সম্পাদন ১৯টি মোট কর্ম সম্পাদন ৭৯টি। অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | | |
| ১০ | উপজেলা যুব উন্নয়ন অফিস। | ক. উপজেলা যুবউন্নয়ন অফিসার সভায় জানান যে, ২০২৩-২০২৪ চলতি অর্থ বছরে আত্মকর্মসংস্থান কর্মসূচীর রাজস্ব খাতে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ১৪ টি ব্যাচে ৩০ জন করে ৪২০ জন। এপ্রিল ২০২৪ মাস পর্যন্ত ১০টি ব্যাচের প্রশিক্ষণ হয়েছে। ২০২৩-২০২৪ অর্থ বছরে পরিবার ভিত্তিক কর্মসংস্থান কর্মসূচীর আওতায় লক্ষ্যমাত্রা ১টি কেন্দ্র গঠন। পরিবার ভিত্তিক ও আত্মকর্মসংস্থান কর্মসূচীর ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৩৭,০০,০০০/= (সাইত্রিশলক্ষ) টাকা। এপ্রিল/২০২৪ মাস পর্যন্ত আত্মকর্মসংস্থান কর্মসূচীর ২৪ জনকে ১১,২০,০০০/- এবং পরিবার ভিত্তিক কর্মসূচীর ৪০ জনকে ৪,৮০,০০০/- টাকা সর্বমোট ৬৪ জনকে ১৬,০০,০০০/- ঋণ বিতরন করা হয়েছে। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ক. সকল প্রকার প্রশিক্ষণ যাতে সুষ্ঠুভাবে সম্পন্ন করা হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে এবং যুব/যুব মহিলাদের মাঝে সঠিক তদারকির মাধ্যমে ঋণ বিতরণ ব্যবস্থা নিতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, সরিষাবাড়ী। |
| ১১ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস। | ক. উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় বলেন, এপ্রিল/২০২৪ ইং মাসের নিম্নোক্ত সেবা প্রদান করা হয় । মোট জনসংখ্যা ঃ ৩,৫৫,৭২০,মোট সক্ষম দম্পতি ৬৭,০৫১ জন উপজেলার সর্বমোট পদ্ধতি গ্রহণকারী ৫১,৫০১ । পদ্ধতি গ্রহণকারীর হার- ৭৬.৮১% জন । পুরুষ বন্ধ্যাকরণ -০০ জন, মহিলা বন্ধ্যাকরণ-০২ জন, আই. ইউ. ডি ২২ জন , ইমপ্লান্ট-২২ জন, ইনজেকশন ০০ ভয়েল, খাবার বড়ি (সুখী) ১৭০৭৩ চক্র. খাবার বড়ি (আপন) ১৮০ চক্র, কনডম- ৮৭৭ পিছ । অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | ক. পরিবার পরিকল্পনার কার্যক্রমে সফলতা অর্জনে জোরালোভাবে কাজ করতে হবে এবং সফলতা কার্যক্রম ধরে রাখতে হবে। | ক. উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, সরিষাবাড়ী। |
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক অফিস। | ক. মা ও শিশু সহায়তা কর্মসূচীর সুবিধাভোগীদের এপ্রিল/২০২৪ ইং পর্যন্ত সকল ইউনিয়ন সুবিধাভোগীদের নামের তালিকা অনুমোদন করা হয়েছে। সংশ্লিষ্ট পৌরসভা ও সকল ইউনিয়নে মেয়র/চেয়ারম্যানগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২৫শে মে/২০২৪ ইং তারিখের মধ্যে ২০২৩-২০২৪ অর্থ বৎসরের প্রাপ্ত বরাদ্দ অনলাইন আবেদন সম্পন্ন করে সংশ্লিষ্ট পৌরসভা/ ইউনিয়ন কমিটি কর্তৃক রেজুলেশনসহ জমাদানের জন্য আহ্বান জানানা হচ্ছে। মে/২০২৪ ইং মাসের ০৮ ইউনিয়নের ভিডব্লিউবি চাউল বরাদ্দ আদেশ (ডিও) প্রদান করা হয়েছে। কিশোর-কিশোরী ক্লাবের কার্যক্রম নিয়মিতভাবে পরিচালিত হচ্ছে। পূর্বের ন্যায় কিশোর-কিশোরীদের নাস্তা প্রদান করা হচ্ছে।মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ কার্যক্রমে বকেয়া ঋণ আদায়ের লক্ষ্যে ঋণ খেলাপীদের নোটিশ প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | ক. মা ও শিশু সহায়তা সুবিধাভোগীদের নামের তালিকার অনুমোদন করা হয়েছে। মে/২০২৪ ইং মাসের ০৮ ইউনিয়নের ভিডব্লিউবি চাউল বরাদ্দ আদেশ (ডিও) প্রদান করা হয়েছে । | ক. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সরিষাবাড়ী। |

| ক্র: নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১৩ | উপজেলা পল্লী উন্নয়ন অফিস (বি.আর.ডিবি) | ক.বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) কর্তৃক বাস্তবায়িত সরিষাবাড়ী উপজেলার ০৭ টি প্রকল্প/কর্মসূচির কাজ চলমান রয়েছে। ১. মূল কর্মসূচি (আবর্তক) ২. সমন্বিত দারিদ্র্য বিমোচন কর্মসূচী (সদাবিক) ৩. পল্লী প্রগতি কর্মসূচী ৪. মহিলা উন্নয়ন কর্মসূচী ৫. দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন, প্রক্রিয়াকরন ও বাজারজাতকরন শীর্ষক প্রকল্প ৬. বীর মুক্তিযোদ্ধা ও তাদের পোষ্যদের আত্নকর্মসংস্থান ও প্রশিক্ষন প্রকল্প ৭. সরকারের বিশেষ প্রণোদনা এস এম ই ঋণ " প্রতিটি প্রকল্প/কর্মসূচীর কাজ ঋণ বিতরন, ঋণ আদায়, সঞ্চয় ও শেয়ার আদায় চলমান রয়েছে। ২০২৩-২৪ অর্থ বছরে ৭টি প্রকল্পের ঋণ বিতরনের মোট লক্ষ্যমাত্রা ১৬৪.৬৮ লক্ষ টাকা নির্ধারন করা হয়েছে। মাঠ পর্যায়ে ১১৩.৭৮ লক্ষ টাকা খেলাপী রয়েছে। মাঠ পর্যায়ের খেলাপী টাকা আদায়ের জন্য সমিতি পর্যায়ে সদস্যদের নোটিশ প্রদান করা হয়েছে। ২০২৩-২৪ অর্থ বছরে বার্ষিক কর্ম সম্পাদনে চুক্তির আলোকে মাঠ পর্যায়ের কাজ চলমান রয়েছে। আন্তঃবিভাগীয় তেমন কোন সমস্যা নেই। | ক. মাঠে খেলাপী ঋণ আদায়ে জোরালো ভূমিকা রাখতে হবে। | ক. উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সরিষাবাড়ী। |
| ১৪ | উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন অফিস। | ক. উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা সভায় বলেন ক্ষুদ্রঋণ কার্যক্রম ঃ- সমিতির সংখ্যা ১০৮ টা, মোট সদস্য সংখ্যা- ৫৮৮২ জন,চলতি মাসে নতুন সদস্য ভর্তি- ৩০০ জন, ঋন বিতরণ ৬৫.০০ (লক্ষ টাকা) চলতি মাসে ঋন আদায় ৭২.০০/-চলতি মাসে সঞ্চয় আদায় = ১৫.০০ (লক্ষ টাকা) ঋন আদায়ের হার ৯৬% ।<br>নারী উদোক্তা ঋণবিতরণ ঃ মোট সদস্যসংখ্যা ২৩৬ জন চলতি মাসে ঋণবিতরণ করা হয়েছে ২১.০০(লক্ষ টাকা)। চলতি মাসে ঋন আদায় ২২.০০(লক্ষ টাকা) চলতি মাসে ঋন আদায়ের হার ১০০%খেলাপী ঋনের পরিমান ১৫.০০(লক্ষ) টাকা, খেলাপী থেকে আদায় ০.২৫(লক্ষ) মাঠে পাওনা টাকার পরিমান ১৭২.৬০ (লক্ষ) টাকা।<br>উদ্যোক্তা ঋণ কার্যক্রমঃ- মোট সদস্য ১৬৪ জন, চলতি মাসে নতুন উদ্যোগ ৮ জন, চলতি মাসে ঋণ বিতরণ ২২.০০(লক্ষ টাকা),চলতি মাসে ঋন আদায় হয়েছে ২৫.০০(লক্ষ টাকা), চলতি মাসে ঋন আদায়ের হার ৯৮%, মোট খেলাপী ঋণের পরিমান ২৯.৪০ (লক্ষ টাকা), খেলাপী থেকে আদায় ০.৩০ (লক্ষ টাকা), মাঠে পাওনা ঋণের পরিমান ১৪৬.৬০ (লক্ষ টাকা), তাছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ক. সকল ঋণ আদায় কার্যক্রম চালু রাখতে হবে এবং খেলাপী ঋণ আদায়ে জোরালো ভূমিকা পালন করতে হবে। | ক. উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন অফিসার, সরিষাবাড়ী। |
| ১৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস। | ক. উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে উপজেলা পরিষদ ভিত্তিক ২য় পর্যায়ের গ্রমীন অবকাঠামো সংস্কার (কাবিখা- কাবিটা) এবং গ্রমীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ ( টিআর) কর্মসূচী চলমান রয়েছে ।<br>২০২৩-২০২৪ অর্থ বছরে উপজেলা পরিষদ ভিত্তিক ২য় পর্যায়ের গ্রমীন অবকাঠামো সংস্কার (কাবিখা- কাবিটা) এবং গ্রমীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ ( টিআর)কর্মসূচীর ৩য় পর্যায়ের প্রকল্প তালিকা প্রস্তুত করা হয়েছে ।<br>২০২৩-২০২৪ অর্থ বছরে নির্বাচনী এলাকা ভিত্তিক (১৪১ জামালপুর-৪) গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা- কাবিটা) এবং গ্রমীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচীর প্রকল্পের কাজ চলমান রয়েছে ।<br>২০২৩-২০২৪ অর্থ বছরে অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান | ক. সকল প্রকল্পের কাজ সঠিক তদারকির মাধ্যমে বাস্তবায়ন করতে হবে। এবং নির্দিষ্ট সময় এর ভিতরে প্রকল্প শেষ করতে হবে । | ক.উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সরিষাবাড়ী। |

| ক্র: নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | কর্মসূচীর (২য় পর্যায়) এর কাজ চলমান রয়েছে । ২০২৩-২০২৪ অর্থ বছরে এইচবিবি, সেতু/ কালভার্ট এর কাজ চলমান রয়েছে । বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে । | | |
| ১৬ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্ত র। | ক মানব সম্পদ উন্নয়নে গ্রামীণ পানি সরবরাহ, স্যানিটেশন এবং স্বাস্থ্যবিধি প্রকল্প এর আওতায় ০৪ টি,পাবলিক টয়লেট, ০৯ টি হ্যান্ডওয়াশিং বেসিন ইউনিট,৩২ টি (৩০-৪০ পরিবার) কমিউনিটি ভিত্তিক পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহে স্মল স্কীমের গভীর নলকূপ স্থাপন কাজ চলমান আছে। সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় সাবমার্সিবল পাম্পযুক্ত কমিউনিটি ভিত্তিক ৩৯ টি,গভীর নলকূপ (প্রতি ১০ পরিবারের জন্য ০১ টি) এর সাইট নির্বাচনের কাজ চলমান আছে। GPS/NNGPS/PEDP-4 প্রকল্পের আওতায় বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সাবমার্সিবল পাম্পযুক্ত জলাধার সহ অগভীর নলকূপ ও হ্যান্ড ওয়াশিং বেসিন স্থাপন এবং ওয়াশব্লক নির্মাণ কাজ চলমান আছে। দপ্তরীয়অন্যান্য কাজসুষ্ঠু ও স্বাভাবিকভাবেচলছে। | ক. উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা চেয়ারম্যান সভায় বলেন যে, সকল প্রকল্পের কাজ সরকারী নীতিমালা অনুযায়ি শেষ করা জন্য উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরকে অবহিত করেন । | ক. উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সরিষাবাড়ী। |
| ১৭. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ কর্মকর্তা। | ক. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসার সভায় জানান যে. ভিজিডি ৭৩.৫০০ টন চল বিতরন করা হয় । টিসিবি ১৪৩ টন, ফায়ার সার্ভিস/ ইপি খাত ৮৮৪ কেজি চাউল এবং ৭৮৪ কেজি গম। | ক. খাদ্য নিয়ন্ত্রককে সকল বন্টন সঠিক ভাবে পরিচালনা করার জন্য বলা হয় । | উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ কর্মকর্তা, সরিষাবাড়ী। |
| ১৮ | উপজেলা পরিবেশ ও বন কর্মকর্তা। | ক. ফরেষ্টার, বন ও পরিবেশ বিভাগ সভায় জানান যে, এ উপজেলায় লাইসেন্স বিহীন করাত কলের মালিকদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহনের জন্য সভায় অনুরোধ করা হয় । আর বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে । | ক. উপজেলায় লাইসেন্স বিহীন করাত কলের মালিকদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে । | উপজেলা পরিবেশ ও বন কর্মকর্তা, সরিষাবাড়ী । |
| ১৯. | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক। | ক পল্লীসঞ্চয় ব্যাংকের শাখা ব্যবস্থাপক সভায় জানান যে, উপজেলায় ব্যাংকে মোট ২১০টি সমিতিতে ১০৪২০ জন সদস্য নিয়ে সঞ্চয় আদায় ও ঋণ কার্যক্রম চালু রয়েছে। সক্রিয় ঋণী আছে ৬,২৩৮ জন (এসএমইসহ)। সদস্যর সঞ্চয় আছে ৬,৫১,০৩,৯৭৪/-টাকা ও ঋণের স্থিতি আছে ১৯,৯১,২৪,৭৩৩/-। এ পর্যন্ত শাখায় ১,৩৫৩ জন সদস্য প্রত্যাহার হয়েছে। বর্তমান অর্থ বছরের আদায়ের হার ৬৮% এবং অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । | ক. উপজেলায় ব্যাংকে মোট ২১০টি সমিতিতে ১০৪২০ জন সদস্য নিয়ে সঞ্চয় আদায় ও ঋণ কার্যক্রম চালু রয়েছে। | পল্লীসঞ্চয় ব্যাংকের শাখা ব্যবস্থাপক । |
| ২০. | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)। | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) সভায় জানান,ইউজিডিপি প্রকল্পের আওতায় ৬ষ্ট পর্যায়ের জন্য ৩ (তিন) টি অবকাঠামো উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন কাজ শেষ হয়েছে এবং বিল তৈরীর কাজ চলমান আছে। উপজেলা পরিষদের বার্ষিক বাজেট ৩১ মে, ২০২৪ খ্রিঃ এর মধ্যে অনুমোদন করে উপজেলা পরিষদের ওয়েব পোর্টালে আপলোড করার জন্য সংশ্লিষ্ট বিভাগকে অনুরোধ করা হলো। | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় ৬ষ্ঠ পর্যায়ের উপ-প্রকল্প গুলোর দ্রুত বিল তৈরী করে প্রকল্পের প্রধান কার্যালয়ে প্রেরণ করা এবং উপজেলা পরিষদের ওয়েব পোর্টালটি হালনাগাদ করার লক্ষ্যে তথ্য দিয়ে সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট দপ্তর সমূহকে অনুরোধ করা হয়। | ইউডিএফ, সরিষাবাড়ী |

| ক্রঃ নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২১ | উপজেলা পাট পরিদর্শক | উপজেলা পাট কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে পাটের ফলন ভালো হয়েছে। পাটের দাম কম থাকায় পাট ব্যবসায়িরা লোকসানের মুখে পাড়েছে । এজন্য গত বৎসরের তুলনায় এ বৎসর প্রায় ৫০ টি লাইসেন্স কম হয়েছে। | রাজস্ব আয় আরও বাড়াতে হবে। | উপজেলা পাট পরিদর্শক । |
| ২২ | বিদ্যুৎ বিভাগ। | ক. উপজেলা ডি,জি,এম,পল্লীবিদ্যুৎ সমিতি সভায় জানান যে, জানুয়ারী মাসে গ্রহক সংযোগ আবাসিক = ১৪৮ টি, বানিজ্যিক = ১১ টি, সেচ = ০২ টি,শিল্প,= ০১ টি, অন্যান্য = ০ টি, সর্বমোট = ১৬২ টি ।<br>খ. বিদ্যুৎ সরবরাহ ঃ ০১। পিক আওয়ার সন্ধা ৬.০০ হতে রাত ১১.০০ ঘটিকা, চাহিদা ২২ মেঃ ওঃ প্রাপ্তি ১২ মেঃ ওঃ লোডশেডিং ১০ মেঃওঃ অর্থাৎ পিক আওয়ারে ৩৯% লোডশেডিং হচ্ছে ।<br>০২। অফ পিক আওয়ার রাত ১২.০০ ঘটিকা হতে সকাল ৫.০০ ঘটিকা, চাহিদা ১৬ মেঃওঃ প্রাপ্তি ৯ মেঃওঃ লোডশেডিং ৭ মেঃওঃ অর্থাৎ অফ পিক আওয়ারে ৫০% লোডশেডিং হচ্ছে । | ক. উপজেলা ডি,জি,এম,পল্লীবিদ্যুৎ সমিতি সভায় জানান যে, তাদের গ্রাহক চাহিদার তুলনায় প্রাপ্তি অনেক কম । সর্বরাহ বাড়ানোর জন্য কর্তৃপক্ষের সু-দৃষ্টি কামনা করেন। | নির্বাহী প্রকৌশলী পিডিবি / ডিজিএম পল্লী বিদ্যুৎ |
| ২৩. | বিবিধ আলোচনা | ক.এমপি মহোদয় উপস্থিত সকলকে সালাম জানান, এবং জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে স্মরণ করেন । উপস্থিত সকল অফিসারদের সহযোগিতা মূলক মনোভাব নিয়ে কাজ করার আহবান জানান । | ক.উপস্থিত সকল অফিসার তাদের নিজ নিজ দপ্তরের কাজের মাধ্যমে তাকে সার্বিক সহযোগিতা করবেন বলে সভায় অবহিত করেন। | |

সভাপতি সকল দপ্তরকে তাদের কার্যক্রম সম্পর্কে সভাপতিকে অবহিত করার জন্য অনুরোধ করেন । সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(বীর মুক্তিযোদ্ধা মোঃ গিয়াস উদ্দিন পাঠান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
সরিষাবাড়ী, জামালপুর ।

স্মারক নং ঃ ০৫.৩০.৩৯৮৫.০০০.১৬.০১০.২৩-

তারিখ ঃ ২১-০৩- ২০২৪ খ্রি

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ-

০১। আলহাজ্ব অধ্যক্ষ মোঃ আবদুর রশীদ, মাননীয় সংসদ সদস্য,-১৪১ জামালপুর-৪
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, জামালপুর।
০৪। উপ- পরিচালক, স্থানীয় সরকার, জামালপুর।
০৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সরিষাবাড়ী, জামালপুর।
০৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।
০৭। জনাব ..........................................................................................................................

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ-

০১। উপজেলা ..............................................................................অফিসার, সরিষাবাড়ী, জামালপুর।
০২। চেয়ারম্যান,.........................................................................ইউনিয়ন পরিষদ (সকল), সরিষাবাড়ী, জামালপুর।
০৩। জনাব ..............................................................

২১।০৩।২৪

(শারমিন আক্তার)
উপজেলা নির্বাহী অফিসার
সরিষাবাড়ী, জামালপুর।
ফোন নং- ০৯৮২৭-৫৬০১৮
email-unosarishabari@mopa.gov.bd